

ছাত্রদলের সভাপতি সম্পাদক পদে প্রার্থীর ছড়াছড়ি

নিজস্ব প্রতিবেদক

১৯ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ আগস্ট ২০১৯ ০০:৫৮



নতুন প্রতিবেদক
আমাদেরসময়

ছাত্রদলের নতুন কমিটিতে সভাপতি ও সাধারণ সম্পাদক হতে মনোনয়নপত্র কিনেছেন ১০৮ জন। এর মধ্যে ৪২ জন সভাপতি এবং ৬৬ জন সাধারণ সম্পাদক হতে চাইছেন। সাধারণ সম্পাদক হতে তিন নারীও মনোনয়নপত্র কিনেছেন।

advertisement

তারা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের মানসুরা আলম, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ডালিয়া রহমান ও বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের নাদিয়া পাঠান পাপন। আগামী ১৪ সেপ্টেম্বর দুই পদে নির্বাচনে ভোটগ্রহণ করা হবে, যাতে সারাদেশ থেকে ছাত্রদলের ১১৭টি সাংগঠনিক ইউনিটের ৫৮০ কাউন্সিলর

ভোট দেবেন।

এ দুই পদে নির্বাচনে গতকাল রবিবার ছিল মনোনয়ন ফরম বিতরণের শেষ দিন, যা শুরু হয় আগের দিন শনিবার। পুনঃতফসিল অনুযায়ী মনোনয়নপত্র জমা দেওয়া যাবে আজ সোম ও মঙ্গলবার পর্যন্ত। এর পর মনোনয়নপত্র বাছাই চলবে ২২ থেকে ২৬ আগস্ট পর্যন্ত। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ৩১ আগস্ট। তার পর প্রার্থী তালিকা প্রকাশ হবে ২ সেপ্টেম্বর। প্রার্থীরা প্রচার চালাতে পারবেন ৩ থেকে ১২ সেপ্টেম্বর মধ্যরাত পর্যন্ত।

এদিকে এ নির্বাচনকে কেন্দ্র করে পদপ্রত্যাশীদের সঙ্গে আসা কর্মী-সমর্থকদের ভিড় আর স্লোগানে গতকাল মুখর ছিল নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়। প্রত্যাশীর চেয়েও বেশি ফরম বিক্রি হওয়ায় গতকাল আবার ফরম ছাপাতে হয় বলে জানান দলটির সাবেক দপ্তর সম্পাদক আবদুস সাত্তার পাটোয়ারি। ছাত্রদলের নতুন কমিটি নির্বাচনে আপিল কমিটির আহ্বায়ক বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেন, এ নির্বাচনের উদ্দেশ্যই হচ্ছে মেধাবী ও পরীক্ষিত নেতৃত্ব গড়ে তোলা। দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, ছাত্রদলের এ কাউন্সিলকে ঘিরে আমাদের ছাত্রবন্ধুদের মধ্যে উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছে।

সভাপতি পদে যারা মনোনয়নপত্র সংগ্রহ করেছেন তারা হলেন- সর্দার আমিরুল ইসলাম সাগর, আসাদুল আলম টিটু, কাজী রওনকুল ইসলাম শ্রাবণ, মামুন খান, সাজিদ হাসান বাবু, আশরাফুল আলম ফকির লিংকন, আমিনুল হাকিম মুন্সি, খলিলুর রহমান, আবু জাহান চৌধুরী হিমেল, আরজ আলী শান্ত, আল আমিন কাউসার, রিয়াজ মো. তানভীর রেজা, ফজলুল হক নিরব, আব্বাস আলী, তানভীর আহমদ খান ইকরাম, জসিম মোল্লা, এহসান মাহমুদ, মোস্তাফিজুর রহমান, জুয়েল মৃধা, মাসুদ রানা, মাহমুদুল হাসান বাপ্পী, হাফিজুর রহমান, মাহমুদুল আলম সরদার, সোলায়মান হোসাইন, সুরঞ্জ ম-ল, মো. ইলিয়াছ, আজিম উদ্দিন মেরাজ, ফজলুর রহমান খোকন, মাইনুল ইসলাম, আবদুল মাজেদ, বিশ্বজিৎ ভদ্র, আল মেহেদি তালুকদার, সিহাবুর রহমান, এসএম আল আমীন, আবদুল হান্নান, মো. আলী হাওলাদার, এসএম আমিনুল ইসলাম, শামীম হোসেন, মো. আল আমিন, আরাফাত বিল্লাহ খান, এরশাদ খান, নজরুল ইসলাম নাহিদ ও জসিম উদ্দিন।

সাধারণ সম্পাদক পদে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন- সাইফ মাহমুদ জুয়েল, শাহ নেওয়াজ, আমিনুর রহমান আমিন, হাসান তানজিল হাসান, ওমর ফারুক শাকিল চৌধুরী, ইকবাল হোসাইন শ্যামল, জোবাইর আল মাহমুদ রিজভী, শেখ আবু তাহের, ডালিয়া রহমান, আলাউদ্দিন খান, এমএ কাইয়ুম, মশিউর রহমান রনি, এমদাদুল হক মজুমদার, মানসুরা আলম, হামিদ সাজ্জাদ হোসেন, নাসিম হোসাইন, সিরাজুল ইসলাম, তাবিবুর রহমান, সাখাওয়াত হোসাইন, মিজানুর রহমান সজীব, আজমীর হোসেন, মুন্সি আনিসুর রহমান, আবদুল মোমেন মিয়া, নাজমুল হক হাবিব, আনিসুর রহমান সুমন, জহিরউদ্দিন সোহেল, রাকীব জুয়েল, মিজানুর রহমান শরীফ, ওমর ফারুক হিমেল, রিয়াদ মো. ইকবাল হোসাইন, একরামুল হাই নাসিম, আবদুল মান্নান, জামিল হোসেন, আবুল হাসান চৌধুরী, এএএম ইয়াহিয়া, নুরুল ইমরান মজুমদার শিশু, মহিন উদ্দিন রাজু, রাকীবুল ইসলাম রাকিব, আরিফুল হক, আজিজুল হক সোহেল, রাশেদ ইকবাল খান, মোস্তাফিজুর রহমান, সোহেল রানা, মাজেদুল ইসলাম রুশ্বন, মাহমুদুল আলম শাহিন, ইউসুফ কামাল জনি, বাবুল আখতার শান্ত, মিজানুর রহমান, জাকিরুল ইসলাম জাকির, আশিকুর রহমান সুমন, জহিরুল ইসলাম দিপু, মো. আল মামুন, সাইদুর রহমান সোহেল, মাহতাব উদ্দিন জিমি, জুলহাস উদ্দিন, আতাউর রহমান, কেএমএস মুসাব্বির, কাজী মাজহারুল ইসলাম, মোহাম্মদ আবুল বাশার, আশরাফুল আলম ফকীর লিংকন, আসাদুজ্জামান, সাদেকুর রহমান সাদিক, আশরাফুল আলম, দেলোয়ার হোসেন ও সুলায়মান হোসাইন।

ছাত্রদলের সর্বশেষ কমিটি গঠন হয়েছিল ২০১৪ সালের ১৪ অক্টোবর। ওই কমিটিতে সভাপতি ছিলেন রাজীব আহসান ও সাধারণ সম্পাদক ছিলেন আকরামুল হাসান।